গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১১.০০২১.২৫(অংশ-১).১৫০০

তারিখ : ২৪ আষাঢ় ১৪৩৩ / ০৮ জুলাই ২০২৬

# নিয়োগপত্র

জেলা পরিষদের 'সহকারী প্রকৌশলী (৯ম গ্রেড) এবং উপসহকারী প্রকৌশলী (১০ম গ্রেড) নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি'র সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ (সংশোধন ২০২৪) অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের অধীন জেলা পরিষদসমূহের রাজস্ব (নিজস্ব) খাতভুক্ত **'সহকারী প্রকৌশলী'** পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম. | মেধাক্রম | রোল | নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১. | ৫৫ | ১১০০০১৭৬ | জনাব হাসিব আহমেদ<br>পিতার নাম : মোঃ মোছলেহ উদ্দিন<br>মাতার নাম : রেহানা আক্তার<br>জন্ম তারিখ : ১৭ জুন ২০০১ | প্রযত্নে : হাজী মোহাম্মদ আলী (মৃত)<br>গ্রাম/রাস্তা : বীরকান্দি<br>পোস্ট : হাইরমারা<br>পোস্ট কোড : ১৬০০<br>উপজেলা : রায়পুরা<br>জেলা : নরসিংদী | প্রযত্নে : রেহানা আক্তার<br>হাউজ নম্বর: ২৪৬৬, রোড নম্বর: ১২, ব্লক: এল, বসুন্দরা আবাসিক এলাকা<br>পোস্ট : ভাটারা<br>পোস্ট কোড : ১২২৯<br>উপজেলা : ভাটারা<br>জেলা : ঢাকা। |

**০২। শর্তাবলি :**

(ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(খ) চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, অনলাইন আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে। চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) উল্লিখিত প্রার্থীর অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে। চাকরির আবেদন ফরমে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার কোনো সুযোগ থাকবে না। আবেদনের শেষ তারিখের মধ্যেই আবেদনের সকল যোগ্যতা অর্জন করতে হবে।

(গ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে-কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপটেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(ঙ) এ নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে। **চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;**

(চ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, 'তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না';

(ছ) The Government Servants (Conduct) Rules, 1979-এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সংবলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(জ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহপূর্বক যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;

(ঝ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন; নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে যে-কোনো ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনধিক ছয় মাসের জন্য বৃদ্ধি করতে পারবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

(ঞ) চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;

(ট) জেলা পরিষদ আইন, ২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ (সংশোধন ২০২৪), জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল ও আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ এবং এ সংক্রান্ত প্রযোজ্য বিধিবিধান অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ বেতন-ভাতাদিসহ পদের সাথে সম্পৃক্ত আর্থিক সুবিধা পদায়িত (বা সময়ে সময়ে বদলিকৃত) জেলা পরিষদ হতে প্রাপ্ত হবেন।

(ঠ) চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ হতে অব্যাহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

(ড) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত যাবতীয় বিষয়াদি স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এবং সরকারের প্রচলিত প্রযোজ্য বিধিবিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধিবিধান ও আদেশ মোতাবেক নিয়ন্ত্রিত হবে;

(ঢ) স্থানীয় সরকার বিভাগের অধীন জেলা পরিষদসমূহের রাজস্ব (নিজস্ব) খাতভুক্ত স্থায়ী পদের বিপরীতে অস্থায়ীভাবে এ নিয়োগ দেওয়া হলো;

(ণ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**০৩।** উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী **২০ জুলাই ২০২৬ তারিখ পূর্বাহ্ণে** সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

**০৪।** যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সুরাইয়া আখ্তার জাহান
অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)
স্থানীয় সরকার বিভাগ
ফোন : ০২২২৩৩৮৮৭২৭
E-mail : adminwing@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১১.০০২১.২৫(অংশ-১).১৫০০/১(১০০)

তারিখ : ২৪ আষাঢ় ১৪৩৩ / ০৮ জুলাই ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পপমূপ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৫. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
৮. উপসচিব (সচিবালয় নিরাপত্তা শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপর্যুক্ত কর্মকর্তাকে ২০ জুলাই ২০২৬ তারিখ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ);
৯. সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
১০. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১২. সহকারী সচিব (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ; বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
১৩. জনাব.........................................................।

০৮/০৭/২৬


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন : ০২২২৩৩৫৫৫৬৮
E-mail : lgzp@lgd.gov.bd